

# দ্বিখন্ডিত বি.এস.পি.সি'র শারদীয় পূজার দুই মন্ডপে কার পূজা ক্যামন হলো, কোন আসনে মা দুর্গা এবার বসেছিলেন ?

পূর্নাঙ্গ রিপোর্ট সহস্রা ছাড়া হবে



পালিশ ক্লাব, এ্যাশফোল্ডের বি.এস.পি.সি'র পূজা মন্ডপ। তাড়ঘাড় ব্যবস্থাপনায় এ অংশ কোনভাবে কাগজে আঁকা প্রতিমাতে তাদের মন্ডপ সাজিয়েছিলেন, তবুও সবকিছুতেই ছিল পরিচ্ছন্নতা ও সৌহার্দতার ছোঁয়া। হলভর্তি ভক্ত ও নানাবিধ অনুষ্ঠানে তারা পূজা এবার ভালোই করেছেন বলে একবাক্যে সকলেই স্বীকার করেছেন। এ অংশের সার্বিক ব্যবস্থাপনা, আপ্যায়ন, প্রসাদ ও দুবেলার খাদ্য ছিল অত্যন্ত মুখরোচক। সিডনীতে এবারই প্রথমবারের মত কোন পূজামন্ডপে শত শত ভক্তদের মাঝে সুস্বাদু খাদ্য বিতরণ করা হলো।



অত্যাধুনিক ফাইবার কাঁচে প্রস্তুত প্রতিমাটিকে ছ'হাজার ডলার খরচ করে সুদূর কোলকাতা থেকে উড়িয়ে এনেছেন গ্রানভীল টাউন হলে'র বি.এস.পি.সি'র অংশ। চোখজুড়ানো প্রতিমা দেখে অনেকেই বলেছেন 'ওরা সাথে থাকলে এবারের পূজো আরো জমজমাট ও আনন্দময় হতো। দুর্দমনীয় 'ইগো' সমস্যায় এবার এমনটি হলো।' তবে এ অংশের সাংস্কৃতিক অনুষ্ঠানটি বরাবরের চে এবার আরো আর্কষণীয় ও স্মৃতিময় হয়েছিল।

বি.এস.পি.সি'র উভয় শাখা ও বাংলাদেশ পূজা এসোসিয়েশনের পূজা মন্ডপ সহ বিভিন্ন মুহূর্তের প্রচুর হাই ডেফিনেশন ডিজিটাল ছবি তোলা হয়েছে। সৌজন্য ডিভিডি কপি'র জন্যে কর্ণফুলী দপ্তরে ইমেইলে যোগাযোগ করতে পারেন।